দৈনিক বাংলা

026

তারিখ ১২.১.৮১
পৃষ্ঠা ৩ কলাম 2

469

# পরীক্ষার খাতা বদলঃ আরো একজন শিক্ষক গ্রেফতার

(নিজস্ব সংবাদদাতা)

মানিকগঞ্জ, ১১ই জানুয়ারী।— ঢাকা শিক্ষা বোর্ডের বিগত এসএসসি (৮০) পরীক্ষার খাতা বদলের জন্য অভিযুক্ত শিক্ষক হায়দর আলীকে সিংগাইর থানা পুলিশ গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত ব্যক্তি মানিকগঞ্জ মডেল হাইস্কুলের শিক্ষক ছিলেন।

প্রসঙ্গত: উল্লেখ্য মানিকগঞ্জের পরীক্ষা কেন্দ্রের এসএসসি পরীক্ষার খাতা বদলের ঘটনা ফাঁস হলে উক্ত শিক্ষক এ যাবত আত্মগোপন করেছিলেন।

ঢাকা শিক্ষা বোর্ড পরীক্ষার খাতা বদলানোর জন্য একটি মামলা দায়ের করে। পুলিশ আত্মগোপনকারী শিক্ষককে গতকাল তার শ্বশুরালয় থেকে গ্রেফতার করে। একই ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে গত নবেম্বর মাসে আর একজন শিক্ষককে গ্রেফতার করা হয়।